

الْعَلِيُّ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৩৭ তম নাম 'الْعَلِيُّ' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'الْعَلِيُّ' শব্দের মূল و - ع - ل - و , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৭০ বার এসেছে। সুউচ্চ, শ্রেয়, এস, অহংকার, পরাস্ত, উন্নত করা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْعَلِيُّ অর্থ: ' তিনি অতি বড় মহান'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

ذَلِكَ بِأَنَّ اللَّهَ هُوَ الْحَقُّ وَأَنَّ مَا يَدْعُونَ مِنْ دُونِهِ هُوَ الْبَاطِلُ وَأَنَّ اللَّهَ هُوَ الْعَلِيُّ الْكَبِيرُ ﴿٦٢﴾

এর কারন এটাও যে, আল্লাহই একমাত্র মহাসত্য, আর আল্লাহর পরিবর্তে তারা যা ডাকে তা অসত্য, বাতিল। আর আল্লাহই সুউচ্চ, বড়। (সূরা আল হাজ্জ: আয়াত নং ৬২)

১৯ টি আয়াত সম্বলিত ৮৭ নং সূরা আল-আ'লা শুরু হয়েছে -

سَبِّحْ اسْمَ رَبِّكَ الْأَعْلَى ﴿١﴾

তসবিহ করো তোমার মহান প্রভুর নামো (সূরা আলাফ: আয়াত নং ১)

৯২ নং সূরা আল লাইলের ১৭ থেকে ২০ আয়াতে ইরশাদ হচ্ছে -

وَسَيُجَنَّبُهَا الْأَتْقَى ﴿١٧﴾

الَّذِي يُؤْتِي مَالَهُ يَتَزَكَّى ﴿١٨﴾

وَمَا لِأَحَدٍ عِنْدَهُ مِنْ نِعْمَةٍ تُجْزَى ﴿١٩﴾

إِلَّا ابْتِغَاءَ وَجْهِ رَبِّهِ الْأَعْلَى ﴿٢٠﴾

আর তা (জাহান্নাম) থেকে দূরে রাখা হবে অতীব মুত্তাকী (আল্লাহ ভীরু) ব্যক্তিকে, যে তার মাল সম্পদ দান করে নিজের পরিশুদ্ধি ও উন্নতির জন্য, তার প্রতি কারো অনুগ্রহের প্রতিদান হিসেবে নয়, বরং শুধুমাত্র তার মহান প্রভুর সন্তুষ্টির প্রত্যাশায়। (সূরা আল লাইল: আয়াত নং ১৭ - ২০)

عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْكَبِيرُ الْمُتَعَالَى ﴿٩﴾

তিনি গায়েব ও দৃশ্যের জ্ঞানী মহান ও সর্বোচ্চ মর্যাদার মালিক। (সূরা আর রাদ: আয়াত নং ৯)

আহমদ ও ইবনে মাজাহ এর হাদিস :

যারা আল্লাহকে স্মরণ করে এবং প্রশংসা করে এই বলে -

سبحان الله, الله اكبر, الحمد لله, لا اله الا الله

আল্লাহ সর্ব গুণাশ্রিত, আল্লাহ সবচেয়ে বড়, সমস্ত প্রশংসা আল্লাহর, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। এ সমস্ত কথাগুলো আল্লাহর সিংহাসনের কাছে পৌঁছে যায় এবং মৌমাছির গুঞ্জনের মতো কথাগুলো উচ্চারিত হতে থাকে এবং যারা বলেছে তাদের নাম সহ উচ্চারিত হয়।

আসুন, আমরা তসবিহ পাঠ করি - অতি বড় মহান, সর্বোচ্চ মর্যাদার মালিক আল্লাহ। এবং আমাদের কথাবার্তায়, কার্যকলাপে তাঁর সাথে কাউকে শরিক না করি। কারণ, আল্লাহ শরিক ছাড়া বাকি সমস্ত গুনাহ মাফ করবেন। শিরকের গুনাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবারাকাতুহা।